

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা।
www.cabinet.gov.bd

নম্বর- ০৪.০০.০০০০.৫১৪.০২৯.০০৪.২০১৬-৮৭৯


৩০ অগ্রহায়ণ ১৪২৩
তারিখ: -----
১৪ ডিসেম্বর ২০১৬

বিষয় : শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণের মূল্যায়নে/সমাপ্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের
প্রতিনিধির উপস্থিতি সংক্রান্ত।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৪.০৬.০৫.১৫-৫০৪ তারিখ: ১০-০২-২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে জারিকৃত বিভিন্ন জেলা প্রশাসকগণের কার্যালয়ে কর্মরত শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণ ও মূল্যায়ন সম্পর্কিত অগ্রগতি-প্রতিবেদন প্রতিমাসের পাঁচ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। অথচ কোন কোন জেলা হতে যথাসময়ে প্রতিবেদন প্রেরণ করা হয় না। এছাড়া, কোন কোন জেলায় প্রশিক্ষণটি যথাযথ গুরুত্ব দিয়ে সম্পন্ন করা হচ্ছে না। শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণের মডিউল সমাপ্তির পর কোন কোন জেলায় পরীক্ষা গ্রহণ করা হয়। কিন্তু গৃহীত পরীক্ষার ফলাফল ও মূল্যায়নের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করা হয় না। অধিকন্তু চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায়/প্রশিক্ষণ সমাপ্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধির উপস্থিতি থাকার বিধান রয়েছে। কিন্তু মন্ত্রিপরিষদ বিভাগ অথবা বিভাগীয় কমিশনারের উপস্থিতির বিষয় মন্ত্রিপরিষদ বিভাগ অবহিত নয়।

০২। এমতাবস্থায়, সূত্রে উল্লিখিত স্মারকের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ এবং শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ, প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তবে কাজে লাগবে এভাবে ব্যবস্থা গ্রহণ, মডিউল সমাপ্তির পর গৃহীত পরীক্ষার মূল্যায়ন সম্পর্কিত একটি সংক্ষিপ্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখায় (ই-মেইল faco_sec@cabinet.gov.bd)-তে প্রেরণ এবং চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায়/প্রশিক্ষণ সমাপ্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



(ড. ফারুক আহসান)

উপসচিব (মাপ্রসম)

ফোন: ৯৫৫১১০৭

ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

জেলা প্রশাসক

.....(সকল)।

অনুলিপি:

বিভাগীয় কমিশনার,(সকল)।